

নং- ২৬.১২.০০০০.১০৪.৩৩.০০১.১৯-৪৭৬

তারিখ: ২২-০৭-২০১৯

### অফিস আদেশ

প্রতিযোগিতা আইন, ২০১২, ২১ জুন ২০১২ হতে কার্যকর হয়েছে। অধ্যাবধি ২১ (১) ধারা মোতাবেক জোটবদ্ধতা (Combination) সংক্রান্ত প্রবিধানমালা খসড়া পর্যায়ে রয়েছে। বিভিন্ন সেক্টরে জোটবদ্ধতা সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান জোটবদ্ধতার বিষয়ে কমিশনের সাথে আলোচনা করেছে।

০২। যেহেতু ২১ জুন, ২০১২ তারিখ হতে আইনের সকল ধারা কার্যকর হয়েছে, সেহেতু আইনের সকল ধারা প্রয়োগের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। যেহেতু আইনের ধারা ২১(১) Proviso অনুসারে জোটবদ্ধতা সংক্রান্ত প্রবিধান প্রণয়নের বিধান রয়েছে যা এখনও প্রণীত হয়নি, সেহেতু ‘Doctrine of State Necessity’ নীতি বিবেচনায় প্রতিযোগিতা আইন জোটবদ্ধতা (মার্জার ও অ্যাকুইজিশন) সংক্রান্ত সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গত ১৭-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত মার্জার ও অ্যাকুইজিশন বিষয়ক সভার সিদ্ধান্তের আলোকে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ৩৮(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে কমিশন নিম্নরূপভাবে কমিটি গঠন করল:

- |  |                       |
|--|-----------------------|
| ১) জনাব মোঃ খালেদ আবু নাছের, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন               | ----- আহ্বায়ক        |
| ২) জনাব মোঃ মনোয়ার হোসেন, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন                 | ----- বিকল্প আহ্বায়ক |
| ৩) জনাব আমীর আব্দুল্লাহ মুঃ মঞ্জুরুল করিম, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন | ----- সদস্য           |
| ৪) জনাব মোঃ আলমগীর হোসেন, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন                  | ----- সদস্য           |
| ৫) জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞা, উপসচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন        | ----- সদস্য           |
| ৬) জনাব আনোয়ার-উল-হালিম, উপপরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন                | ----- সদস্য           |

#### কমিটির কার্যপরিধি-

- জোটবদ্ধতা (মার্জার ও অ্যাকুইজিশন) সংক্রান্ত আবেদন নিষ্পত্তির প্রক্রিয়া নির্ধারণ;
- আবেদন নিষ্পত্তির প্রস্তাব প্রস্তুতকরণ;
- বাজারে প্রতিযোগিতা সংক্রান্ত প্রভাব বিশ্লেষণ; ও
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

০৩। কমিটি কাজের প্রয়োজনে বিশেষজ্ঞের মতামত গ্রহণ করতে পারবে এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচলিত সর্বোত্তম অনুশীলন (Best Practice) সমূহ বিবেচনায় নিতে পারবে।

স্বাক্ষরিত/-

২২/০৭/২০১৯

(এটিএম মুর্তজা রেজা চৌধুরী এনডিসি)

চেয়ারপার্সন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা

তারিখ: ২২-০৭-২০১৯

নং-২৬.১২.০০০০.১০৪.৩৩.০০১.১৯-৪৭৬/১

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- জনাব মোঃ আবুল হোসেন মিয়া, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- চেয়ারপার্সনের একান্ত সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

- জনাব মোঃ খালেদ আবু নাছের, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব মোঃ মনোয়ার হোসেন, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব আমীর আব্দুল্লাহ মুঃ মঞ্জুরুল করিম, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব মোঃ আলমগীর হোসেন, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞা, উপসচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা
- জনাব আনোয়ার-উল-হালিম, উপপরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

(মোঃ খালেদ আবু নাছের)

সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা

ফোন: ০২-৫৮৩১৫৪৮৬